

# আপনার কী কোনও অক্ষমতা আছে?



## আশ্রয়ের আবেদন করতে বা আশ্রয়ের অবস্থানগুলি অ্যাক্সেস করতে আপনার কি সহায়তার প্রয়োজন?

আপনার প্রয়োজনীয় পরিষেবায় প্রবেশিধার পাওয়া সহজ করে তোলার উদ্দেশ্যে আমরা নির্দিষ্ট প্রকারের সাহায্য প্রদান করতে পারি। এই ধরনের সহায়তাকে প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থার বলা হয়। আপনার কাছে এই ধরনের সাহায্যের অনুরোধ করার অধিকার আছে।

আপনার প্রয়োজনীয় পরিষেবায় প্রবেশাধিকার পাওয়া কঠিন করে তুলতে পারে এরকম অবস্থার কয়েকটি উদাহরণগুলি হলো:

- দৃষ্টি, বাক্ শক্তি বা শ্রবণ শক্তির অক্ষমতা
- চলাফেরায় অক্ষমতা (আশে-পাশে চলাফেরা কঠিন করে তোলার মতো অক্ষমতা)
- বুদ্ধিগত অক্ষমতা (এমন অক্ষমতা যা এই ফর্ম বোঝা অথবা অ্যাপয়েন্টমেন্ট মনে রাখা কঠিন করে তোলে)
- মানসিক স্বাস্থ্যগত অবস্থা যেমন উদ্বেগ, হতাশা, বাইপোলার ডিসঅর্ডার, অথবা স্কিজোফ্রেনিয়া।

## আমি কিভাবে যুক্তিসঙ্গত আবাসন চাইতে পারি?

- আপনি অক্ষমতার কারণে যে কোনও ইনটেক, মূল্যায়ন, অথবা আশ্রয়স্থলের অবস্থানে কর্মীর কাছে সাহায্যের অনুরোধ করতে পারেন।
- আপনি যুক্তিসঙ্গত আবাসনের অনুরোধ ফর্ম সম্পূর্ণ করতে পারেন (DHS-13)।
- যদি আপনার লার্জ প্রিন্ট বা অন্য কোনও ভাষায় একটি ফর্মের প্রয়োজন হয় তাহলে আপনি DHS ওয়েবসাইটে যেতে পারেন অথবা সাহায্যের জন্য DHS অথবা আশ্রয়স্থলের কর্মী সদস্যকে অনুরোধ করতে পারেন।
- আপনি অনলাইনে এই ফর্ম সংগ্রহ করতে পারেন: <https://www1.nyc.gov/site/dhs/about/applicants-and-clients-with-disabilities.page> অথবা কর্মীদের কাছে এই ফর্মের অনুরোধ করতে পারেন।
- আপনাকে যুক্তিসঙ্গত আবাসনের অনুরোধের জন্য এই ফর্ম সম্পূর্ণ করতে হবে না। কর্মীরা আপনার জন্য এই ফর্মটি সম্পূর্ণ করতে পারেন।

## আমি প্রযুক্তিসঙ্গত আবাসনের অনুরোধ (Reasonable Accommodation Request, RAR) ফর্ম অথবা লিখিত আকারে অনুরোধটি কোথায় জমা দিতে পারব?

- আপনার সম্পূর্ণ করা অনুরোধ ফর্ম অথবা লিখিত অনুরোধ DHS অথবা আশ্রয়স্থলের কর্মীকে দিন।
- আপনার সম্পূর্ণ অনুরোধের একটি কপি বা একটি রসিদের অনুরোধ করুন।
- আপনার দ্বারা DHS অথবা আশ্রয়স্থলের কর্মীকে অনুরোধ করার তারিখ এবং আপনি যে ব্যক্তিকে এটি দিয়েছেন তার নাম এই প্রতিলিপিতে লিখে নিন।
- অনুরোধটি করার সময় আপনাকে আপনার অবস্থার অথবা অক্ষমতার কোনও প্রমাণ আমাদেরকে দিতে হবে না। আমরা আপনার অনুরোধ পত্র সম্পর্কিত কয়েকটি নথিপত্র অথবা অতিরিক্ত তথ্য আমাদেরকে দেওয়ার জন্য আপনাকে অনুরোধ করতে পারি।

## এই ফর্ম সম্পূর্ণ করার জন্য আমার সাহায্যের প্রয়োজন হলে কি হবে?

- এই ফর্ম সম্পূর্ণ করতে সাহায্যের জন্য আপনি DHS কর্মী, আশ্রয়স্থলের কর্মী অথবা আপনার পরিচিত কাউকে অনুরোধ করতে পারেন।

## আমার অনুরোধটি অনুমোদিত হয়েছে কিনা তা আমি কিভাবে জানতে পারব?

- আমরা আপনাকে একটি নোটিশ প্রদান করব এবং আমাদের সিদ্ধান্ত সম্পর্কে জানাব।

## আমার অনুরোধ অথবা অন্যান্য অক্ষমতা-সম্পর্কিত প্রয়োজন সম্পর্কে আমার কোনও প্রশ্ন থাকলে কি হবে?

- আপনার কোনও প্রশ্ন থাকলে আপনি আপনার আশ্রয়স্থলের ডিরেক্টর অথবা কেস ম্যানেজারের সঙ্গে কথা বলতে পারেন।
- আপনি প্রতিবন্ধী বিষয়ক কার্যালয়ের সাথে অনলাইনে যোগাযোগ করতে পারেন [DisabilityAffairs@dss.nyc.gov](mailto:DisabilityAffairs@dss.nyc.gov).

## বৈষম্য বিরোধী নীতি

আমার অক্ষমতার কারণে আমার সাথে পক্ষপাতমূলক আচরণ করা হচ্ছে বলে আমার মনে হলে আমি কি হবে?

- যদি আপনি বিশ্বাস করেন যে ডিএচএস (DHS) অক্ষমতার কারণে আপনাকে অথবা আপনার পরিবারের কাউকে পরিষেবা দিতে প্রত্যাখান করা হয়েছে অথবা পক্ষপাতমূলক আচরণ করা হয়েছে তাহলে আপনি এখানে যোগাযোগ করতে পারেন:

Director of Disability Affairs for Homeless Services  
NYC Department of Social Services  
Office of Disability Affairs  
150 Greenwich Street  
New York, NY 10007  
ফ্যাক্স: (917) 639-0442  
ইমেল: [DisabilityAffairs@dss.nyc.gov](mailto:DisabilityAffairs@dss.nyc.gov)

আপনি (718) 557-1399 নম্বরে কেন্দ্রীয় অভিযোগ ইউনিটের (Central Complaint Unit) সাথে যোগাযোগ করতে পারেন।

এছাড়াও, আপনি (800) 994-6494 নম্বরে ওমবাডস্ম্যান কার্যালয়ের সাথে যোগাযোগ করতে পারেন অথবা ব্যক্তিগতভাবে সোমবার থেকে শুক্রবার সকাল 9:00টা থেকে বিকেল 4:00টে পর্যন্ত যোগাযোগ করতে পারেন এই ঠিকানায় 109 East 16th Street।

আমি কোনও অভিযোগ জানালে আমাকে কোন তথ্য অন্তর্ভুক্ত করতে হবে?

- আপনার নাম, ডাকযোগের ঠিকানা, টেলিফোন নম্বর অথবা ইমেল ঠিকানা।
- কী ঘটেছে এবং কোথায় ঘটেছে এবং এটি কখন ঘটেছে তার একটি বিবরণ।
- জড়িত থাকা কর্মীদের নাম ও পদের নাম, যদি আপনার কাছে থাকে।
- জড়িত থাকা DHS অথবা আশ্রয়স্থলের অবস্থান, কর্মসূচি অথবা পরিষেবা।

1990 সালের অক্ষমতা সহ অ্যামেরিকাবাসী আইন (Americans with Disabilities Act, ADA) ও অন্যান্য আইন অনুসারে অক্ষম ব্যক্তিদের জন্য প্রকল্প ও পরিষেবাগুলির প্রবেশাধিকার নিশ্চিত করতে DHS অঙ্গীকারবদ্ধ।